

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা শিক্ষা অফিস

ফেঞ্চুগঞ্জ, সিলেট।

www.deo.fenchuganj.sylhet.gov.bd

স্মারক নং-৩৮.০১.৯১৩৫.০০০.৪৬.০০১.২৪.২৯২

তারিখ: ১১/০৯/২০২৪ খ্রি.

বিষয় : “বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩” অনুযায়ী নিবন্ধন কার্যক্রম সম্পাদনকরণ।

সূত্র : ১। স্মারক নং- ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০৭.২৩-৯০৩, তারিখ : ১০/০৯/২০২৪ খ্রি.

২। স্মারক নং- ৩৮.০১.৯১০০.০০০.১৮.১১৭.১৯.২০৩৮(১৩), তারিখ : ১১/০৯/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ অনুযায়ী অত্র ফেঞ্চুগঞ্জ উপজেলার APSC এর অন্তর্ভুক্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহকে (পঞ্চম শ্রেণি বা গ্রেড-৫ পর্যন্ত পাঠদানকারী নার্সারি, কিন্ডারগার্টেন, প্রিপারেটরি বিদ্যালয়, ইংরেজি ভাষন ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহিত সংযুক্ত পঞ্চম শ্রেণি বা গ্রেড-৫ পর্যন্ত বিদ্যালয়) পাঠদান পরিচালনার জন্য দ্রুততম সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পাঠদানের অনুমতি/নিবন্ধন গ্রহণ করার নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, অত্র ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন APSC এর অন্তর্ভুক্ত যে সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঠদানের অনুমতি/নিবন্ধন নাই সে সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে দ্রুততম সময়ের মধ্যে পাঠদানের অনুমতি/নিবন্ধন গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করতে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ পাতা।




(মোহাম্মদ সোহেল মোল্লা)

উপজেলা শিক্ষা অফিসার

ফেঞ্চুগঞ্জ, সিলেট

ফোন : ০২৯৯৬৬৪৬৭৯৮

ইমেইল : ueofenchuganj@gmail.com



জনাব.....

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

.....বিদ্যালয়

ফেঞ্চুগঞ্জ, সিলেট।

স্মারক নং-৩৮.০১.৯১৩৫.০০০.৪৬.০০১.২৪.২৯২

তারিখ: ১১/০৯/২০২৪ খ্রি.


অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
- ৩। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল ক্লাস্টার), ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৪। সংরক্ষন নথি



(মোহাম্মদ সোহেল মোল্লা)

উপজেলা শিক্ষা অফিসার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
www.dpe.gov.bd

তারিখ: ২০ জুলাই ২০২৪  
২৬ জুলাই ২৪৩৩

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০৭.২৩-২/০৬

বিষয়: 'বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩' অনুযায়ী নিবন্ধন কার্যক্রম সম্পাদনকরণ।

সূত্র: (১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৩৮.০১.০০০০.১৪৫.৯৯.০২১.২৪.৮৫৪; তারিখ: ১৪/০৮/২০২৪  
(২) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আগস্ট ২০২৪ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত পত্র নং  
৩৮.০০.০০০০.০০৫.০৯.০০৬.২৪-১৯৮; তারিখ: ২৯/০৮/২০২৪।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩" অনুযায়ী বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিবন্ধন কার্যক্রম বৃদ্ধির বিষয়ে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সূত্রোক্ত ১নং পত্রে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু এ বিষয়ে কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না মর্মে দেখা যায়। একই বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আগস্ট ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর অনুলিপি ১৬-এর সিদ্ধান্ত নিম্নরূপ:

"দ্রুততম সময়ের মধ্যে বেসরকারি বিদ্যালয় নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। Annual primary school census (APSC) অনুযায়ী যে সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট পত্র দিয়ে বিদ্যালয়টি নিবন্ধিত বা একাডেমি স্বীকৃতিপ্রাপ্ত কিনা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তার তথ্য সংগ্রহ করবেন। প্রয়োজনে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নিবন্ধন বিহীন বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতিকে নিবন্ধন করার জন্য পত্র দিবেন"।

এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সূত্রোক্ত ১নং পত্রের নির্দেশনা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আগস্ট ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর অনুলিপি ১৬-এর সিদ্ধান্ত বাস্তবায়ন করত: নিবন্ধন বিহীন প্রাথমিক বিদ্যালয়ের নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন এ দফতরে নিয়মিত ইমেইলে (dpeadbidda@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: প্রাগম আগস্ট-২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

মো: লুৎফুর রহমান  
পরিচালক (যুগ্ম সচিব)  
পলিসি ও অপারেশন বিভাগ

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ এবং
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাথমিক শিক্ষা অফিস  
সিলেট

ই-মেইল : dpeosylhe@gmail.com

স্মারক নং : ৩৮.০১.৯১০০.০০০.১৮.১১৭.১৯.২০৩৮(১৩)

তারিখ : ১১.০৯.২০২৪ খ্রি।

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

- ১। উপজেলা শিক্ষা অফিসার (সকল)-----, সিলেট-মূল পত্রের মর্মানুসারে তার উপজেলার (APSC) এর অন্তর্ভুক্ত প্রতিটি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিবন্ধন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে পত্র জারিপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে অনুরোধ করা হলো।
- ২। সংরক্ষণ নথি।

সাখাওয়াত এরশেদ

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
সিলেট